



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/3/2022

গভর্নর ক্যাথি হোকল

সিভিল সার্ভিস এমপ্লয়ি অ্যাসোসিয়েশনের সঙ্গে 5-বছর মেয়াদী শ্রম চুক্তি অনুমোদিত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

*CSEA-এর সদস্যদের বিপুল সমর্থন নিয়ে চুক্তিটি অনুমোদিত হয়েছে*

*স্টেটের সরকারি কর্মচারীদের অন্যতম বৃহত্তম ইউনিয়ন CSEA-এর আওতায় নিউ ইয়র্ক স্টেটে 52,000 এরও বেশি কর্মচারী রয়েছে*

গভর্নর ক্যাথি হোকল আজ সিভিল সার্ভিস এমপ্লয়ি অ্যাসোসিয়েশনের (Civil Service Employee Association, CSEA) সঙ্গে পাঁচ-বছর মেয়াদী একটি শ্রম চুক্তি অনুমোদিত হয়েছে বলে ঘোষণা দিয়েছেন, যে অ্যাসোসিয়েশনে নিউ ইয়র্ক স্টেটের 52,000 এরও বেশি কর্মচারী বিভিন্ন ধরনের পদে ভূমিকা পালন করছেন। 1 এপ্রিল, 2026 পর্যন্ত মেয়াদসম্পন্ন এই চুক্তি, CSEA-এর ভোটদানকারী 80 শতাংশেরও বেশি সদস্যের অনুমোদন পেয়েছে।

"এই চুক্তি নিউ ইয়র্কবাসীদেরকে নিত্যদিন অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিষেবাসমূহ পৌঁছে দেওয়ার জন্য সহায়তাকারী সিভিল সার্ভিস এমপ্লয়ি অ্যাসোসিয়েশনের কঠোর পরিশ্রমী পুরুষ ও মহিলাদের ন্যায্য পাওয়া প্রদান করছে," বলেছেন গভর্নর হোকল। "এই চুক্তি সম্পন্ন করা এবং এটি যাতে আমাদের মহান স্টেটের CSEA সদস্যদের মূল্যবান অবদানের স্বীকৃতি দেয় তা নিশ্চিত করতে সাহায্য করতে তার অংশীদারিত্বের জন্য আমি প্রেসিডেন্ট সালিভানকে ধন্যবাদ জানাই।"

অনুমোদিত এই চুক্তিতে প্রথম দুই বছরে প্রতি বছর 2% বেতন বৃদ্ধি এবং অবশিষ্ট তিন বছরে প্রতি বছর 3% করে বেতন বৃদ্ধি অন্তর্ভুক্ত করা হয়েছে। সেইসাথে, এই চুক্তিতে অন্যান্য ভাতা বৃদ্ধি করা হয়েছে যেমন 3,000 ডলারের এককালীন বোনাস এবং স্বাস্থ্য বিমা কর্মসূচির পরিবর্তনের কারণে মেয়াদের পরিবর্তন অন্তর্ভুক্ত করা হয়েছে যা নেটওয়ার্কের আওতাভুক্ত কর্মচারীদের অংশগ্রহণকে উৎসাহিত করবে এবং স্বাস্থ্য বিমার খরচ নিয়ন্ত্রণে সাহায্য করবে। এছাড়াও এই চুক্তিতে শ্রম-ব্যবস্থাপনা কমিটির অর্থায়ন অন্তর্ভুক্ত করা হয়েছে।

সিভিল সার্ভিস এমপ্লয়ি অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ম্যারি ই. সালিভান বলেন, "আমি আরো একবার আমাদের আলোচনাকারী দলকে এই নতুন স্টেট চুক্তিতে পৌঁছে দেওয়ার জন্য তাদের কঠোর পরিশ্রম ও নিবেদিত প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই। চুক্তিটি আমাদের সদস্যদের এবং আমাদের বাগেইনিং ইউনিটগুলোর চারটি নির্বাহী শাখার সবগুলোর বিপুল সমর্থন নিয়ে অনুমোদিত হয়েছে।"

CSEA চারটি দরকষাকষি ইউনিটে নিউ ইয়র্ক স্টেটের 52,000 এরও বেশি কর্মচারীর প্রতিনিধিত্ব করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418